

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৩৭

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ (১১) আরাফা ও মুযদালিফায় অবস্থান ও সেখান থেকে রওয়ানা হওয়া প্রসঙ্গে বর্ণনা

11 - بَابُ الْوُقُوفِ بِعَرَفَةَ وَالْمُزْدَلِفَةِ وَالِدَفْعِ مِنْهُمَا

আরবী

3837 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا بَشْرُ بْنُ الْمُفَضَّلِ قَالَ: حَدَّثَنَا ابْنُ عَوْنٍ عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبِي بَكْرَةَ ذَكَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: وَقَفَ عَلَى بَعِيرِهِ وَأَمْسَكَ إِنْسَانٌ بِخَطَامِهِ - أَوْ قَالَ: بِزِمَامِهِ - فَقَالَ: (أَيُّ يَوْمٍ هَذَا؟) فَسَكَنَّا حَتَّى ظَنَنَّا أَنَّهُ سَيُسَمِّيهِ سِوَى اسْمِهِ فَقَالَ: (أَلَيْسَ يَوْمَ النَّحْرِ؟) قُلْنَا: بَلَى قَالَ: (فَأَيُّ شَهْرٍ هَذَا؟) فَسَكَنَّا حَتَّى ظَنَنَّا أَنَّهُ سَيُسَمِّيهِ سِوَى اسْمِهِ فَقَالَ: (أَلَيْسَ بِذِي الْحِجَّةِ؟) قُلْنَا: بَلَى قَالَ: (فَأَيُّ بَلَدٍ هَذَا؟) فَسَكَنَّا حَتَّى ظَنَنَّا أَنَّهُ سَيُسَمِّيهِ سِوَى اسْمِهِ قَالَ: (أَلَيْسَ الْبَلَدُ الْحَرَامُ؟) قُلْنَا: بَلَى فَقَالَ: (فَإِنَّ دِمَاءَكُمْ وَأَمْوَالَكُمْ وَأَعْرَاضَكُمْ بَيْنَكُمْ حَرَامٌ عَلَيْكُمْ كَحُرْمَةِ يَوْمِكُمْ هَذَا فِي شَهْرِكُمْ هَذَا فِي بَلَدِكُمْ هَذَا أَلَا لِيُبَلِّغَ الشَّاهِدُ مِنْكُمُ الْغَائِبَ فَإِنَّ الشَّاهِدَ يُبَلِّغُ مَنْ هُوَ أَوْعَى لَهُ مِنْهُ)

الراوي : أبو بكره | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3837 | خلاصة حكم المحدث: صحيح: خ (7078) ، م (5/ 108-

109).

বাংলা

৩৮৩৭. আবু বাকরাহ রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় উটের উপর অবস্থান করেন। আর আরেক ব্যক্তি তার উটের লাগাম ধরে থাকেন। তখন তিনি বলেন, “এটা কোন দিন?” অতঃপর আমরা চুপ থাকলাম, আমরা

মনে করি যে, তিনি হয়তো এর অন্য কোন নাম দিবেন। অতঃপর তিনি বলেন, “এটা কি কুরবানীর দিন নয়?” আমরা বললাম, “জ্বী, হ্যাঁ।” তিনি জিজ্ঞেস করেন, “এটা কোন মাস?” অতঃপর আমরা চুপ থাকলাম, আমরা মনে করি যে, তিনি হয়তো এর অন্য কোন নাম দিবেন। অতঃপর তিনি বলেন, “এটা কি যুল হিজ্জাহ মাস নয়?” আমরা বললাম, “জ্বী, হ্যাঁ।” তিনি জিজ্ঞেস করেন, “এটা কোন শহর?” অতঃপর আমরা চুপ থাকলাম, আমরা মনে করি যে, তিনি হয়তো এর অন্য কোন নাম দিবেন। অতঃপর তিনি বলেন, “এটা কি হারাম শহর নয়?” আমরা বললাম, “জ্বী, হ্যাঁ।” তিনি বলেন, “নিশ্চয়ই তোমাদের রক্ত, তোমাদের সম্পদ, তোমাদের সম্মান তোমাদের পরস্পরের উপর হারাম, তোমাদের এই শহরে, তোমাদের এই মাসে, তোমাদের এই দিন যেমন হারাম। জেনে রাখো, তোমাদের উপস্থিত ব্যক্তির যেন এমন ব্যক্তির কাছে পৌঁছে দেয়, যে এটি তার চেয়ে বেশি সংরক্ষণ করবে।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৬৭; মুসনাদ আহমাদ: ৫/৩৭; সহীহ মুসলিম: ১৬৭৯; সুনান বাইহাকী: ৩/২৯৮; আবু দাউদ: ১৯৪৮; ইবনু মাজাহ: ২৩৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২৯৫২; সুনান বাইহাকী: ৫/১৪০; বাগাবী: ১৯৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮৩৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93176>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন